D:\Admin-2\Co-ordination meeting\Munites December, 2016. Nikosh.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২
www.emrd.gov.bd

**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে অনুষ্ঠিত ডিসেম্বর/২০১৬ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী**

**সভাপতি: নাজিমউদ্দিন চৌধুরী**
**সচিব**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**

**সভার তারিখ: ২৭-১২-২০১৬ খ্রিঃ**
**সময়: ১১:০০ টা**

**সভার উপস্থিতি: সংলাগ "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)।**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। আলোচ্যসূচি অনুসারে বিগত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী সম্পর্কে কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিত করা হয়। অতঃপর সভার কার্যপত্র অনুসারে নভেম্বর/২০১৬ মাসের তথ্য নিয়ে যুগ্ম-সচিব (প্রশা:-২) আলোচনা শুরু করেন।

**১.০ অনিষ্পন্ন বিষয়:**

**১.১** **জ্বালানি ও খনিজ** সম্পদ বিভাগের নিকট দপ্তর/সংস্থা ও দপ্তর/সংস্থার নিকট এ বিভাগের শাখা/অধিশাখা পর্যায়ে অনিষ্পন্ন বিষয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। প্রাপ্ত তথ্য পর্যালোচনায় দেখা যায় এ বিভাগের নিকট দপ্তর/সংস্থার কোন বিষয় অনিষ্পন্ন নেই। অনিষ্পন্ন বিষয়গুলো দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

(ক) সকল দপ্তর/সংস্থার নিকট এ বিভাগের অনিষ্পন্ন বিষয়ের তথ্য, ছক মোতাবেক প্রেরণ করতে হবে; প্রেরিত ছকে সংক্ষিপ্ত আকারে সুনির্দিষ্ট বক্তব্য থাকতে হবে;

(খ) সকল দপ্তর/সংস্থা হতে প্রেরিত পত্রাদি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের শাখা/অধিশাখায় ০৩ (তিন) দিনের উর্দ্ধে অনিষ্পন্ন থাকলে তার তথ্য সংশ্লিষ্ট শাখা কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নপূর্বক প্রত্যেক মাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে;

(গ) সকল দপ্তর/সংস্থার ভূমি উন্নয়ন করসহ সকল সেবা প্রদানকারী সংস্থার বিল পরিশোধের দ্রুত ব্যবস্থা গ্রহণ করে এ বিষয়ে বিস্তারিত উল্লেখপূর্বক নির্ধারিত ছকে তথ্য প্রেরণ করতে হবে;

(ঘ) প্রধানমন্ত্রীর কার্যালয়, জাতীয় সংসদ সচিবালয়, মন্ত্রিপরিষদ বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে সকল দপ্তর/সংস্থা তাদের **মাসিক/ত্রৈমাসিক/ষাণ্মাসিক/বার্ষিক** প্রতিবেদনে তথ্যের সঠিকতা যাচাইপূর্বক নির্ভুল/হালনাগাদ তথ্য নির্ধারিত সময়ের মধ্যে এ বিভাগে প্রেরণ করবে;

(ঙ) এ বিভাগ হতে প্রধানমন্ত্রীর কার্যালয়, জাতীয় সংসদ সচিবালয়, মন্ত্রিপরিষদ বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ে **মাসিক/ত্রৈমাসিক/ষাণ্মাসিক/বার্ষিক** প্রতিবেদন প্রেরণের পূর্বে দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত তথ্যের সঠিকতা যাচাইপূর্বক নির্ভুল/হালনাগাদ তথ্য প্রেরণ করতে হবে। প্রয়োজনে দপ্তর/সংস্থার প্রধানদের সাথে যোগাযোগ করে তথ্যের সঠিকতা যাচাই করতে হবে;

(চ) প্রতিটি অনুবিভাগ এর যুগ্ম-সচিবগণ নিয়মিতভাবে শাখা ভিত্তিক অনিষ্পন্ন তালিকা পর্যালোচনা করে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে। অতিরিক্ত সচিবগণ এ বিষয়টি তদারকি করবেন; এবং

(ছ) সমন্বয় সভা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে সভার গুরুত্ব বিবেচনা করে চাহিত তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে;

**বাস্তবায়ন:** এ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং সকল দপ্তর/সংস্থা।

**২.০ অডিট আপত্তি:**

**২.১** পেট্রোবাংলা ও এর অধীনস্থ কোম্পানিসমূহের নভেম্বর/২০১৬ মাসের মোট অডিট আপত্তির সংখ্যা ৩৭৮৯টি। আপত্তিকৃত অর্থের পরিমাণ ৭৩৩২৮৬৫.২৩ লক্ষ টাকা। চলতি মাসে আপত্তি নিষ্পত্তির সংখ্যা ৩টি। নিষ্পত্তিকৃত অর্থের পরিমাণ ৬৫৮৪.২১ লক্ষ টাকা। ০১-০১-২০১৬ হতে ৩০-১১-২০১৬ পর্যন্ত ক্রমপুঞ্জিভুত নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সংখ্যা ১৪৮টি। এ ছাড়া, অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে ৩৬৪১টি। আপত্তিকৃত অর্থের পরিমাণ ১৬১৫২৩.৯৫ লক্ষ টাকা। নভেম্বর/২০১৬ মাসে ১টি করে ত্রি-পক্ষীয় ও দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে।

২.২ বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের নভেম্বর/২০১৬ মাসের মোট অডিট আপত্তির সংখ্যা ২৬১২টি। আপত্তিকৃত অর্থের পরিমাণ ৪৯৭৭১৩৮.৪৭ লক্ষ টাকা। চলতি মাসে ১টি ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে, তবে দ্বি-পক্ষীয় কোন সভা অনুষ্ঠিত হয়নি। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

(ক) সকল দপ্তর/সংস্থা প্রধানগণ অডিট আপত্তিসমূহ বিষয় ভিত্তিক দ্রুত নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করবেন এবং প্রতিমাসে নির্ধারিত ছকে তথ্য প্রেরণ নিশ্চিত করবেন;

(খ) অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে দপ্তর/সংস্থাসমূহ প্রতিমাসে কমপক্ষে দু'টি করে দ্বি-পক্ষীয় এবং ত্রি-পক্ষীয় সভার আয়োজন করবে। এ বিভাগের পিএ কমিটি'র সভা ও ত্রি-পক্ষীয় সভা করতে হবে;

(গ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সংশ্লিষ্ট শাখার উপ-সচিব মাঠ পর্যায়ের অফিসসমূহের অডিট কার্যক্রম তদারকি করবেন। তিনি প্রয়োজনে সরেজমিনে পরিদর্শন এবং দপ্তর/সংস্থার দ্বি-পক্ষীয় এবং ত্রি-পক্ষীয় সভায় যোগদান করবেন;

(ঘ) অডিট আপত্তিসমূহের খসড়া অনুচ্ছেদ এবং অগ্রগামী অনুচ্ছেদ অনুযায়ী নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করতে হবে; এবং

(ঙ) দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ তাদের স্ব স্ব অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করবে।

**বাস্তবায়ন:** এ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং সকল দপ্তর/সংস্থা।

৩.০ বিভাগীয় মামলা নিষ্পত্তি:

৩.১ পেট্রোবাংলা ও অধীনস্থ এর কোম্পানিসমূহের বিভাগীয় মামলার বিগত মাসের জের ৩৯টি এবং চলতি মাসে কোন মামলা দায়ের করা হয়নি বিধায় মোট মামলা সংখ্যা ৩৯টি। চলতি মাসে ০৬টি মামলা নিষ্পত্তি হয়েছে। ০৩ মাসের কম সময়ের অনিষ্পন্ন মামলা ০৯টি। ০৩ মাসের বেশি কিন্তু ০৬ মাসের কম সময়ে মামলা অনিষ্পন্ন ০৬টি। ০৬ মাসের বেশি কিন্তু ১২ মাসের কম সময়ে মামলা অনিষ্পন্ন ০৫টি। ১২ মাসের বেশি সময়ে মামলা অনিষ্পন্ন ০৬টি। সাময়িক বরখাস্ত ১৩টি এবং মাস শেষে মোট মামলা অনিষ্পন্ন ৩৩টি। উল্লেখ্য, তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (টিজিটিডিসিএল) এর চলতি মাসে অনিষ্পন্ন মামলার সংখ্যা ১১ টি এবং কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (কেজিডিসিএল) এর অনিষ্পন্ন মামলার সংখ্যাও ১১টি। সভায় টিজিটিডিসিএল এবং কেজিডিসিএল এর অনিষ্পন্ন মামলার সংখ্যা আগামী সভার পূর্বে অর্ধেকে নামিয়ে আনার পরামর্শ প্রদান করা হয়।

৩.২ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা ও বিপিসি'র কোম্পানিসমূহ, জিএসবি, বিএমডি, বিপিআই, বিস্ফোরক পরিদপ্তর এবং হাইড্রোকার্বন ইউনিট এ অনিষ্পন্ন বিভাগীয় মামলার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

(ক) সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের শাখা/অধিশাখা নিয়মিতভাবে নির্ধারিত ছকে বিভাগীয় মামলার বিস্তারিত তথ্য প্রেরণ করবে;

(খ) তিতাস গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (টিজিটিডিসিএল) এবং কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (কেজিডিসিএল) এর অনিষ্পন্ন মামলার সংখ্যা আগামী সভার পূর্বে অর্ধেকে নামিয়ে আনতে হবে;

(গ) টিজিটিডিসিএল এবং কেজিডিসিএল এর অনিষ্পন্ন মামলাসমূহের সার-সংক্ষেপ (বিস্তারিত তথ্যসহ) প্রস্তুতপূর্বক আগামী ০২-০১-২০১৭ তারিখের মধ্যে এ বিভাগের যুগ্ম-সচিব (প্রশাসন-২) বরারব দাখিল করতে হবে;

(ঘ) শৃংখলা ও আপীল বিধিমালা, ১৯৮৫/ কোম্পানির জন্য প্রযোজ্য চাকুরী বিধিমালা, যার জন্য যা প্রযোজ্য সে মোতাবেক বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে;

**বাস্তবায়ন:** এ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং সকল দপ্তর/সংস্থা।

**৪.০ আদালতে বিচারাধীন মামলা সম্পর্কিত তথ্যসমূহ:**

৪.১ পেট্রোবাংলা ও এর অধীনস্থ কোম্পানিসমূহের নভেম্বর/২০১৬ মাসে বিচারাধীন মামলার সংখ্যা মোট ২০১৯টি।

৪.২ বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের নভেম্বর/২০১৬ মাসে বিচারাধীন প্রশাসনিক মামলার সংখ্যা মোট ১৪৭টি।

৪.৩ বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের নভেম্বর/২০১৬ মাসে গ্রাহক সংশ্লিষ্ট বিচারাধীন মামলার সংখ্যা মোট ৫৭টি।

৪.৪ পেট্রোবাংলা/বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের আদালতে বিচারাধীন সকল মামলাসহ গুরুত্বপূর্ণ মামলার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিচারাধীন মামলাসমূহের রায় যাতে সরকারের তথা সংস্থা/কোম্পানির বিপক্ষে না যায় সে লক্ষ্যে বিজ্ঞ আইনজীবী নিয়োগ, বিজ্ঞ আদালতের চাহিদা অনুযায়ী সময়মত জবাব/প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহ করার পরামর্শ প্রদান করা হয়। উপরোক্ত বিষয়সমূহ বিস্তারিত আলোচনান্তে অপর পৃষ্ঠায় বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

(ক) মহামান্য হাইকোর্টে চলমান মামলাসমূহের বিষয়ে নিয়মিত এবং যথাসময়ে তদারকি করতে হবে, গুরুত্বপূর্ণ মামলার ক্ষেত্রে বিজ্ঞ এটর্নি জেনারেলের সাথে যোগাযোগ করতে হবে। এছাড়াও, নিম্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(খ) দপ্তর/সংস্থা/কোম্পানির অভ্যন্তরীণ সমন্বয় সভায় অনিষ্পন্ন মামলার বিষয়ে আলোচনা করে মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে;

(গ) শ্রম আদালতে বিচারাধীন মামলাসমূহ সঠিকভাবে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে এবং প্রয়োজনে মামলা নিষ্পত্তির বিষয়ে বিশেষজ্ঞ আইনজীবী নিয়োগ, বিজ্ঞ আদালতের চাহিদা অনুযায়ী সময়মত জবাব/প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহ করতে হবে;

(ঘ) জিএসবি, বিএমডি ও বিস্ফোরক পরিদপ্তরের বিচারাধীন মামলা সংশ্লিষ্ট তথ্য এ বিভাগে প্রেরণ করতে হবে।

**বাস্তবায়ন:** বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং সকল দপ্তর/সংস্থা।

**৫.০ অনিষ্পন্ন অবসর ভাতা:**

৫.১ পেট্রোবাংলা ও এর অধীনস্থ কোম্পানিসমূহের সর্বমোট অনিষ্পন্ন অবসর ভাতার সংখ্যা ০৫টি।

৫.২ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এর সংস্থা/কোম্পানিসমূহের অনিষ্পন্ন অবসর ভাতা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

(ক) দপ্তর/সংস্থা/কোম্পানির অনিষ্পন্ন অবসর ভাতা সংক্রান্ত তথ্য প্রতিমাসে নির্ধারিত ছক অনুসারে প্রেরণ নিশ্চিত করতে হবে;

(খ) অবসরভাতা সহজিকরণ নীতিমালা অনুযায়ী অবসরভাতার বিষয়টি গুরুত্বসহকারে নিষ্পত্তি করতে হবে;

**বাস্তবায়ন:** এ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

**৬.০ ভূ-সম্পত্তি হতে অবৈধ দখল উচ্ছেদ ও নামজারী সম্পাদন:**

৬.১ জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এর সংস্থাসমূহের ভূ-সম্পত্তি অবৈধ দখলে থাকলে তা উচ্ছেদ এবং জমির মালিকানা সঠিক রাখার জন্য যথাসময়ে নামজারী সম্পাদন করা প্রয়োজন। এছাড়া, দপ্তর/সংস্থার সম্পত্তির বিরোধ নিষ্পত্তির জন্য পরামর্শ প্রদান করা হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

(ক) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জমি থেকে অবৈধ দখলদার উচ্ছেদ করতে হবে এবং নিয়মিত খাজনা পরিশোধ করতে হবে;

(খ) ভূ-সম্পত্তি উদ্ধারের বিষয়ে তফসিলভূক্ত মোট সম্পত্তির পরিমাণ, দখলকৃত সম্পত্তির পরিমাণ এবং বেদখলকৃত সম্পত্তির পরিমাণ উল্লেখপূর্বক প্রতিমাসে অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;

(গ) ভূ-সম্পত্তি উদ্ধারের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে কতটি রিট মামলা চলমান আছে তার তথ্যাদি প্রতি সভায় উপস্থাপন করতে হবে;

(ঘ) প্রত্যেক দপ্তর/সংস্থার সম্পত্তির বিরোধ দ্রুত নিষ্পত্তি করতে হবে;

**বাসৃতবায়ন:** এ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং সকল দপ্তর/সংস্থা।

**৭.০ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) ও প্রকল্প পরিদর্শন:**

৭.১ সভায় এ বিভাগের ২০১৬-২০১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্র (Annual Performance Agreement)-অনুযায়ী **মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক** অর্জন এ বিভাগে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। আলোচনাকালে এপিএ আহবায়ক এবং টীম লিডার সভাকে অবহিত করেন যে, আগামী ২৮-০২-২০১৭ তারিখের মধ্যে আবশ্যিকভাবে দপ্তর/সংস্থা/কোম্পানিতে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তন, দপ্তর/সংস্থা/কোম্পানি-তে কল্যাণ কর্মকর্তা নিয়োগ, এপিএ টীম গঠন এবং দপ্তর/সংস্থা/কোম্পানির অফিস ভবন ও আঙ্গিনা পরিচ্ছন্ন রাখা, সেবা প্রত্যাশী এবং দর্শনার্থীদের জন্য টয়লেটসহ অপেক্ষাগার এর ব্যবস্থা করা, সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা রয়েছে। এছাড়া, এ বিভাগের ২০১৬-২০১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্র অনুযায়ী **মাসিক/ত্রৈমাসিক/ ষান্মাসিক** অর্জন (কমপক্ষে ৫০%) প্রমাণকসহ আগামী ০৪/০১/২০১৭ তারিখের মধ্যে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। উপরোক্ত বিষয়সমূহ বিস্তারিত আলোচনান্তে অপর পৃষ্ঠায় বর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

(ক) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ ২০১৬-২০১৭ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্রের লক্ষ্যমাত্রা অনুযায়ী আনুপাতিক হারে প্রতিমাসে লক্ষ্যমাত্রা অর্জন করতে হবে এবং মাসিক/ত্রৈমাসিক/ষাণ্মাসিক কর্মসম্পাদন মূল্যায়ন প্রতিবেদন (কমপক্ষে ৫০%) প্রমাণকসহ নির্ধারিত 'ছক' মোতাবেক আগামী ০৪/০১/২০১৭ তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে;

(খ) এ বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক প্রতিমাসে নির্ধারিত প্রকল্পসমূহ পরিদর্শন করতে হবে এবং প্রতিবেদন দাখিল করতে হবে;

(গ) আগামী ২৮-০২-২০১৭ তারিখের মধ্যে আবশ্যিকভাবে দপ্তর/সংস্থা/কোম্পানিতে ই-ফাইলিং পদ্ধতি প্রবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(ঘ) দপ্তর/সংস্থা/কোম্পানির কল্যাণ কর্মকর্তা এবং এপিএ টীম এর তালিকা স্ব স্ব ওয়েব সাইটে প্রকাশপূর্বক একটি করে অনুলিপি এ বিভাগে প্রেরণ করতে হবে;

**বাস্তবায়ন:** এ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং সকল দপ্তর/সংস্থা।

**৮.০ বিবিধ:**

৮.১ সভায় বিজিএফসিএল ও এসজিএফএল এ উৎপাদিত কনডেনসেট, বিভিন্ন এলাকার অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্ন করণের এবং দপ্তর/সংস্থা/কোম্পানির নিজ নিজ অধিক্ষেত্রে SDG উন্নয়ন মেলায় অংশগ্রহণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া, পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এবং যমুনা অয়েল কোম্পানি লিমিটেড তাদের ডিলারগণের মাধ্যমে বাজারজাতকৃত তেলের গুণগতমান এবং পরিমাণ নিশ্চিতকরণের বিষয়েও আলোচনা হয়। উপরোক্ত বিষয়সমূহ বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

(ক) বিজিএফসিএল ও এসজিএফএল কর্তৃক উৎপাদিত তরল পেট্রোলিয়ামজাত দ্রব্যাদি পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এবং যমুনা অয়েল কোম্পানি লিমেটেড আরও বেশী পরিমাণে ক্রয় করবে;

(খ) পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এবং যমুনা অয়েল কোম্পানি লিমিটেড তাদের ডিলারগণের মাধ্যমে বাজারজাতকৃত তেলের গুণগতমান এবং পরিমাণ নিশ্চিত করবে;

(গ) বেসরকারি প্রতিষ্ঠানে সরবরাহকৃত কনডেনসেট যথাযথভাবে পরিশোধন করে বাজারজাত করা হচ্ছে কিনা সে বিষয় বিপিসি কঠোর নজরদারী ও তদারকি করবে;

(ঘ) দেশের সমস্ত পেট্রোল পাম্প হতে সরবারহকৃত জ্বালানি তেলের গুণগতমান এবং সঠিক ওজন নিশ্চিতকরণের লক্ষ্যে নিয়মিত মনিটর করতে হবে;

(ঙ) অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ অভিযান পরিচালনা করতে হবে এবং অবৈধ গ্যাস সংযোগের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা দায়ের করতে হবে;

(চ) দপ্তর/সংস্থা/কোম্পানির নিজ নিজ অধিক্ষেত্রে স্টল বরাদ্দ নিয়ে SDG উন্নয়ন মেলায় অংশগ্রহণ করতে হবে।

**বাস্তবায়ন:** এ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং সকল দপ্তর/সংস্থা/কোম্পানি।

৯.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
০১/০১/২০১৭
(নাজিমউদ্দিন চৌধুরী)
সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

নং-২৮.০০.০০০০.০১২.০৬.০০১.১৬- ০৮

তারিখ : ১৯ পৌষ ১৪২৩
০২ জানুয়ারি ২০১৭

**<u>বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>**

১। চেয়ারম্যান, বিপিসি, চট্টগ্রাম।
২। চেয়ারম্যান, পেট্রোবাংলা, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (উন্ন:/পরি:)/(প্রশা:/অপা:)/(উন্ন:)/(পরি:)/(ব্লু ইকনোমি সেল), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

৪। মহাপরিচালক, বিপিআই, ঢাকা।
৫। যুগ্ম-সচিব (অপা:), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৬। মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, ঢাকা।
৭। মহাপরিচালক, জিএসবি, ঢাকা।
৮। সচিব, বিইআরসি, কাওরান বাজার, ঢাকা।
৯। সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
১০। পরিচালক, বিএমডি, ঢাকা।
১১। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, ঢাকা।
১২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, টিজিটিডিসিএল/বিজিডিসিএল/জেজিটিডিএসএল/পিজিসিএল/কেজিডিসিএল/ বিজিএফসিএল/ এসজিএফএল/জিটিসিএল/বাপেক্স/আরপিজিসিএল/বিসিএমসিএল/এমজিএমসিএল/ এসজিসিএল/পদ্মা অয়েল কোং লি:/মেঘনা পেট্রোলিয়াম লি:/যমুনা অয়েল কোং লি:/ইআরএল/এলপিজি, ঢাকা।

**<u>সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):</u>**

১। প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

২১.০১.১৭
(সিদ্দিকা আক্তার)
যুগ্ম-সচিব